

সারাদেশ

তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু

প্রতিবেদক: সুনামগঞ্জ প্রতিনিধি

প্রকাশের তারিখ: শনিবার, ০৩ অক্টোবর ২০২৬, ০৯:৪১ AM



সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মো. মিজানুর রহমান মিনু। এ লক্ষ্যে তিনি স্থানীয় নেতাকর্মী, তরুণ সমাজ ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সঙ্গে যোগাযোগ ও মতবিনিময় করছেন।

মিজানুর রহমান মিনু ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নের বাসিন্দা। দীর্ঘদিন ধরে তিনি স্থানীয় পর্যায়ে সাংগঠনিক কর্মকাণ্ডের সঙ্গে যুক্ত। বর্তমানে তিনি মধ্যনগর উপজেলা ছাত্রদলের আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করছেন।

সংগঠনের কর্মকাণ্ডের পাশাপাশি এলাকার মানুষের বিভিন্ন সমস্যা ও সম্ভাবনা নিয়ে কাজ করার আগ্রহের কথা জানিয়েছেন মিনু। একই সঙ্গে তিনি এলাকার উন্নয়নের প্রয়োজনীয়তার বিষয়টিও গুরুত্ব দিচ্ছেন।

নির্বাচনে অংশ নেওয়ার বিষয়ে মিজানুর রহমান মিনু বলেন, "এলাকার মানুষের সঙ্গে দীর্ঘদিনের সম্পর্ক থেকে তাঁদের সুখ-দুঃখ ও

প্রত্যাশাগুলো জানার সুযোগ হয়েছে। জনগণের মতামত ও প্রত্যাশাকে গুরুত্ব দিয়ে নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছে। সুযোগ পেলে এলাকার উন্নয়ন ও জনকল্যাণে কাজ করতে চাই।

তিনি বলেন, মধ্যনগর সদর ইউনিয়নের শিক্ষা, যোগাযোগব্যবস্থা, তরুণদের দক্ষতা ও কর্মসংস্থানসহ মানুষের দৈনন্দিন বিভিন্ন সমস্যা নিয়ে কাজ করার সুযোগ রয়েছে। জনগণের সঙ্গে আলোচনা করে অগ্রাধিকার ভিত্তিতে এসব বিষয়ে উদ্যোগ নিতে চাই।

মিনুর নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিয়ে স্থানীয় নেতাকর্মী ও তরুণদের মধ্যে আলোচনা শুরু হয়েছে। তিনি বিভিন্ন এলাকায় মানুষের সঙ্গে মতবিনিময় করছেন। তাঁদের কথা শুনছেন এবং ইউনিয়নের উন্নয়ন ও জনকল্যাণে করণীয় বিষয়ে মতামত নিচ্ছেন।

স্থানীয় কয়েকজনের মতে, নির্বাচনে তরুণদের অংশগ্রহণ স্থানীয় নেতৃত্বে নতুন চিন্তা ও উদ্যোগের সুযোগ তৈরি করতে পারে। শিক্ষা, কর্মসংস্থান, যোগাযোগব্যবস্থা ও জনসেবামূলক কর্মকাণ্ডে তরুণ নেতৃত্ব গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে বলেও তাঁরা মনে করেন।

মিজানুর রহমান মিনু জানান, মানুষের ভালোবাসা, পরামর্শ ও সহযোগিতাকে সঙ্গে নিয়ে তিনি সামনে এগোতে চান। নির্বাচনে অংশগ্রহণের বিষয়ে আনুষ্ঠানিক কার্যক্রম ও পরবর্তী সিদ্ধান্ত যথাসময়ে জানানো হবে।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পানবার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...



আন্তর্গঞ্জে জমি নিয়ে বিরোধে ঘর নির্মাণে বাধা, হামলা ও প্রাণনাশের হুমকির অভিযোগ
ব্রাহ্মণবাড়িয়ার আন্তর্গঞ্জ উপজেলার তারপাড়া ইউনিয়নে প্রায় ২০-২৭ শতাংশ জমির মালিকানা ও দখলকে কেন্দ্র করে দুই পক্ষের মধ্যে এক মাস ধরে বিরোধ চলে আসছে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/trun-netritb-niye-mdhjngr-sdr-iuniyne-nirbachni-prstute-minu>